

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়
প্রতিরক্ষা মন্ত্রণালয়
১৯৮, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬
E-mail: dcdmod@gmail.com
Web: www.dcd.gov.bd
ফ্যাক্স: ৯৮৩২৫০৫



নম্বর-২৩.১৭.০০০০.০০১.৪৩.০০৩.১৯- ৫১৬

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৭/

০১ জুন ২০২০।

শোক বার্তা

অতীব দুঃখের সঙ্গে জানানো যাচ্ছে যে, আন্তঃবাহিনী নির্বাচন পর্যদে কর্মরত এ কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন উচ্চমান করণিক জনাব মোঃ জাকির হোসেন, (ব্যক্তিগত নং-৯৮৩৯) MALIGNANT MESENCHYMAL TUMAR e CLD e CKD e PORTAL HYPERTENSION e THROMBOCYTOPENIA e HYPOTHYROIDISM রোগে আক্রান্ত হয়ে ঢাকা সেনানিবাসস্থ সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গত ২৯ মার্চ ২০২০ তারিখ ১৭:৫৫ ঘটিকায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৫ বছর ০১ মাস ২৮ দিন।

মরহুম মোঃ জাকির হোসেন ০১ ফেব্রুয়ারি ১৯৬৫ তারিখে গ্রাম ও ডাকঘরঃ তিলছড়া, উপজেলাঃ কাশিয়ানি, জেলাঃ গোপালগঞ্জে জন্মগ্রহণ করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক পুত্র ও এক কন্যা সন্তান রেখে গেছেন। তিনি ০৪ জুন ১৯৯৪ তারিখে চাকরিতে যোগদান করেন। চাকরি জীবনে তিনি উল্লেখযোগ্য কর্মদক্ষতা, সততা ও নিষ্ঠার সাথে সরকারি দায়িত্ব পালন করেন এবং তাঁর অমায়িক আচরণ দ্বারা সকল স্তরের কর্মচারীর প্রশংসা ও প্রীতি অর্জনে সক্ষম হন। তাঁর মৃত্যুতে এ সংস্থা একজন অত্যন্ত সং, যোগ্য ও নিষ্ঠাবান কর্মচারীকে হারালো।

মরহুম মোঃ জাকির হোসেন এর মৃত্যুতে এ সংস্থার সকল কর্মকর্তা ও কর্মচারী গভীরভাবে শোকাচ্ছন। তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি এ সংস্থার সকল কর্মকর্তা ও কর্মচারী গভীর সমবেদনা জ্ঞাপনপূর্বক মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছেন।

(এহতেসাম আইস্মাদ সিদ্দিকী)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ৮৭১৫৭২৯

জ্ঞাতার্থেঃ

প্রতিরক্ষা মন্ত্রণালয় (ডি-১১/ডি-১৮)

গণভবন কমপ্লেক্স, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস।

সেনাসদর, জিএস শাখা, এসডি পরিদপ্তর, এসডি-৪, ঢাকা সেনানিবাস।

নৌবাহিনী সদর দপ্তর, বেসামরিক কর্মচারী পরিদপ্তর, বনানী, ঢাকা-১২১৩।

বিমান বাহিনী সদর দপ্তর, কর্মচারী পরিদপ্তর, ঢাকা সেনানিবাস।

প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, প্রশাসনিক ব্যুরো (বেসামরিক শাখা), ঢাকা সেনানিবাস।

প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুন বিমান বন্দর সড়ক, তেজগাঁও, ঢাকা-১২১৫।

সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস।

ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস।

আন্তঃবাহিনী নির্বাচন পর্যদ, ঢাকা সেনানিবাস।

প্রশাসনিক শাখা-২, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়।

তাছলিমা বেগম

স্বামী: মরহুম মোঃ জাকির হোসেন, উচ্চমান করণিক (ব্যক্তিগত নং-৯৮৩৯)

গ্রাম ও ডাকঘরঃ তিলছড়া, উপজেলাঃ কাশিয়ানি, জেলাঃ গোপালগঞ্জ।